

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.৪২.৬৭০০.০০০.৯৯.০০৫.১৫-১৯৩


তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: নারায়নগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন খতিয়ান নং-৮৮, মৌজা-চাষাড়া নির্মিত প্লট নং-১১৫ রূপায়ন এস. বেইলী প্রকল্পের সামনে ৯.৯৮ শতাংশ জায়গা নিয়ে রূপায়ন হাউজিং এস্টেট লিঃ এর সাথে নারায়নগঞ্জ জেলা পরিষদের সমঝোতা সংক্রান্ত।

সূত্র: নারায়নগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেঃপঃনাঃগঞ্জ/৬১সাঃপ্রঃ/২০১৪-২০১৫/২৬১; তারিখ: ২২/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়নগঞ্জ হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। নারায়নগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন খতিয়ান নং-৮৮, এস, এ দাগ নং-৩৫, মৌজা-চাষাড়া নির্মিত প্লট নং-১১৫ রূপায়ন এস. বেইলী প্রকল্পের অন্তর্ভুক্ত নারায়নগঞ্জ জেলা পরিষদের অধিগ্রহণকৃত ৯.৯৮ শতাংশ জমি রূপায়ন হাউজিং এস্টেট লিঃ নির্মিত বাণিজ্যিক ভবনের হিস্যা রূপায়ন ৬০% এবং জেলা পরিষদ ৪০% প্রদানের বিষয়টি যৌক্তিক কিনা, বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা এবং জেলা পরিষদ লাভবান হবে কিনা ইত্যাদি বিষয়ে সরেজমিন তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:..... ৪?.....পাতা।


(মোহাম্মদ তানভীর আজিম ছিদ্দিকী)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

পরিচালক
স্থানীয় সরকার
ঢাকা বিভাগ, ঢাকা

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়নগঞ্জ।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।